গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-২ শাখা
www.lgd.gov.bd

নং -৪৬.০০.০০০০.০৬৪.১১.০০৯.১২-২১৬ তারিখঃ ১৩ বৈশাখ ১৪৩৩ / ২৬ এপ্রিল ২০২৬

বিষয়ঃ ঝালকাঠী জেলার নলছিটি পৌরসভায় কর্মচারী নিয়োগের জন্য ছাড়পত্র প্রদান সংক্রান্ত।

সূত্র: নলছিটি পৌরসভা হতে প্রাপ্ত পত্র নং-২৩১, তারিখ: ০১/০৪/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে ঝালকাঠী জেলার নলছিটি পৌরসভায় ১৫(পনেরো) টি পদে ১৭ (সতের) জন কর্মচারী নিয়োগের ছাড়পত্র প্রদানের বিষয়টি বিবেচনার সুবিধার্থে নিম্নোক্ত হালনাগাদ তথ্যসহ পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

১. পৌরসভার সকল স্থায়ী-অস্থায়ী কর্মকর্তা/কর্মচারীদের তালিকা;
২. বর্তমানে কর্মরত সকল স্থায়ী/অস্থায়ী কর্মকর্তা/কর্মচারীদের মাসিক এবং বাৎসরিক বেতন-ভাতা বাবদ ব্যয়ের বিবরণী;
৩. সাংগঠনিক কাঠামো অনুযায়ী কর্মরত কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা ও শূণ্য পদের সংখ্যা;
৪. নলছিটি পৌরসভায় কর্মচারী নিয়োগ ছাড়পত্র প্রদানের বিষয়ে পৌরসভার মাসিক সভার কার্যবিবরণী;
৫. পৌরসভার কর্মকর্তা/কর্মচারীদের বেতন-ভাতা বকেয়া রয়েছে কিনা তার প্রত্যয়নপত্র;
৬. প্রস্তাবিত কর্মচারীদের নিয়োগ দেওয়া হলে বেতন-ভাতা বাবদ মাসিক এবং বাৎসরিক কত ব্যয় হবে তার বিবরণ;
৭. কর্মরত ও বদলীকৃত কর্মচারীদের জিএফ ও পিএফ বাবদ কোন পাওনা বকেয়া বা অপরিশোধিত রয়েছে কিনা;
৮. অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের আনুতোষিকসহ অন্য কোন পাওনা বকেয়া রয়েছে কিনা;
৯. কর্মকর্তা/কর্মচারীদের আনুতোষিক নিয়মিত কর্তন করা হয় কিনা;
১০. স্থানীয় বিদ্যুৎ অফিস থেকে বিদ্যুৎ বিল পরিশোধ সংক্রান্ত প্রত্যয়নপত্র ;
১১. পৌরসভার বর্তমান স্থিতিসহ ব্যাংক স্টেটমেন্ট;
১২. রাজস্ব আয় থেকে বেতন-ভাতা প্রদানের ক্ষেত্রে রাজস্ব ঘাটতি ঘটবে কিনা;
১৩. পৌরসভার বিগত ০৩ বছরের রাজস্ব আয়-ব্যয় বিবরণী এবং গড় আয় কত;
১৪. বিএমডিএফ এর কোন ঋণ বকেয়া রয়েছে কিনা; এবং
১৫. শূন্যপদসমূহে নিয়োগের ক্ষেত্রে যৌক্তিকতার বিবরণ?

২৬/৪/২৬

(আশফিকুন নাহার)
উপসচিব
ফোন: ০২-২২৩৩৫৫৫৭২
e-Mail: lgpaura2@lgd.gov.bd

প্রশাসক
নলছিটি পৌরসভা
ঝালকাঠি।

অনুলিপি ঃ

১. অতিরিক্ত সচিব (পৌরসভা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (পৌরসভা-১ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।